

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা

প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভার স্থান : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভাপতি : জনাব মোঃ মোশাররফহোসেন ভূঁইয়া এনডিসি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
তারিখ ও সময় : ১০.০৪.২০১৮, সময়ঃ বেলাঃ ৩:৩০ ঘটিকা

১। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ক্রঃ	কর্মকর্তার নাম	পদবী	দপ্তর/সংস্থা
১।	জনাব মোঃ আবদুল হক	অতিরিক্ত সচিব	অর্থ বিভাগ
২।	জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সরকার	অতিরিক্ত সচিব	জনপ্রশাসন মন্ত্রণালয়
৩।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী এনডিসি	যুগ্ম-সচিব (প্রশাঃ ও পরিকল্পনা)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৪।	জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী	কর কমিশনার	জাতীয় রাজস্ব বোর্ড
৫।	জনাব কাজী মোস্তাফিজুর রহমান	কমিশনার, কাস্টমস	জাতীয় রাজস্ব বোর্ড
৬।	জনাব মোহঃ বোরহানুল হক	উপপ্রধান	পরিকল্পনা কমিশন
৭।	জনাব কনিজ মওলা	উপপরিচালক	আইএমইডি
৮।	জনাব মোঃ মিজানুর রহমান ভূঁইয়া	১ম সচিব	জাতীয় রাজস্ব বোর্ড
৯।	জনাব এম এ আখের	সিনিয়র সহকারি প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির আহ্বানে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পরিকল্পনা শাখার সিনিয়র সহকারী প্রধান অদ্যকার সভার সংক্ষিপ্ত পটভূমি তুলে ধরে বলেন যে, গত ০৯/০২/২০১৬ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়ের জারীকৃত পত্র নং-২০.২০৪.০২২.০০.০০৬.২০১০/০৪ মোতাবেক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নধীন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কর্ম পরিধি অনুযায়ী প্রকল্পের প্রারম্ভিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি বা তদুর্ধ্ব (সরকারি অর্থায়নে বিনিয়োগ/কারিগরি সহায়তা ও নিজস্ব অর্থায়নে) হলে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পেশকৃত ন্যূনতম ০৩ জন সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্ত বিবেচনা করবে। এর পরিপ্রেক্ষিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন ০৩ (তিন) টি প্রকল্পের যথাঃ (ক) “ন্যাশনাল সিংগেল উইডো বাস্তবায়ন এবং কাস্টমস আধুনিকায়ন জোরদারকরণ” শীর্ষক প্রকল্প, (খ) “জাতীয় রাজস্ব ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্প ও (গ) “বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ” শীর্ষক প্রকল্প-এর প্রকল্প পরিচালক নিয়োগের জন্য অদ্যকার সভাটি আহ্বান করা হয়েছে। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

২.২ আলোচনায় অংশ নিয়ে সভাপতি জানতে চান, যে সকল প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হচ্ছে সে সকল প্রকল্পে প্রকল্প পরিচালকের বেতন-ভাতা ও অন্যান্য স্টাফের সংস্থান রয়েছে কি না। জবাবে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা জানান যে, আলোচ্য প্রকল্পগুলোর কোনোটিতেই পূর্ণকালীন প্রকল্প পরিচালক এবং অন্যান্য স্টাফের সংস্থান নেই। তবে, বন্দ ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ প্রকল্পে কয়েকজন স্টাফের সরাসরি নিয়োগ এবং কয়েকজনের আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের সংস্থান রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন যে, প্রকল্পের ডিপিপি'তে জনবলের বেতন-ভাতাদির সংস্থান না রেখে প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া সমীচীন হবে না। সেক্ষেত্রে বরং আপাততঃ যারা প্রকল্পের দায়িত্ব পালন করছেন তারা পরবর্তি প্রকল্প পরিচালক নিযুক্ত না হওয়া পর্যন্ত দায়িত্ব চালিয়ে যেতে পারেন। আর জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক যেহেতু অবসরে গমন করেছেন, সে ক্ষেত্রে উক্ত প্রকল্পের জন্য প্রস্তাবিত ০৩ (তিন) জন কর্মকর্তার মধ্যে প্রথম জন অর্থাৎ জনাব সিরাজুল ইসলাম, সদস্য, এনবিআর-কে পরবর্তি প্রকল্প পরিচালক নিযুক্ত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা যেতে পারে।



২.৩ আলোচনায় অংশ নিয়ে এবং সভাপতির বক্তব্য সমর্থন করে অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রয়োজনে প্রকল্পসমূহ সংশোধন করে প্রকল্প পরিচালক ও অন্যান্য স্টাফদের বেতন-ভাতাদির সংস্থান রাখতে হবে। এ ক্ষেত্রে জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হলে ৭ (সাত) দিনের মধ্যে তা অনুমোদন/সুপারিশ করিয়ে দেয়া সম্ভব হবে। সভায় অর্থ বিভাগের প্রতিনিধিকে বিশেষ ধন্যবাদ দিয়ে প্রকল্পসমূহ সংশোধন করে প্রকল্প পরিচালক ও অন্যান্য জনবলের সংস্থান রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩। সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক ও অন্যান্য সহায়ক কর্মকর্তা এবং স্টাফের সংস্থান রেখে প্রকল্পের ডিপিপি সংশোধন করতে হবে। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ পরবর্তি ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশোধিত ডিপিপি আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করবেন;

৩.২ 'এনএসডব্লিউ বাস্তবায়ন ও কাস্টম আধুনিকায়ন জোরদারকরণ' এবং 'বন্ড ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকগণ পরবর্তি পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিযুক্ত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে নিজ নিজ দায়িত্ব পালন করবেন; এবং

৩.৩ জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলামকে পরবর্তি প্রকল্প পরিচালক নিযুক্ত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে 'জাতীয় রাজস্ব ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করতে হবে।

৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ = ১৫.০৪.২০১৮
(মোঃ মোশাররফহোসেন ভূঁইয়া এনডিসি)
সিনিয়র সচিব
ও
সভাপতি

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.১১.১৮- ৭২/২ (৫)


তারিখঃ ১৬.০৪.২০১৮ খ্রিঃ

বিতরণঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ২। সচিব, আইএমইডি, শের-ই-বাংলানগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৫। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৬। সদস্য (শুক্র ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ৭। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ৮। যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


(মোঃ আব্দুল আখের)
সিনিয়র সহকারী প্রধান
ফোন নং ৯৫৪০৫২৭